**বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি**
**কোটবাড়ী, কুমিল্লা, বাংলাদেশ**

**Bangladesh Academy for Rural Development**
**Kotbari, Cumilla, Bangladesh**

নম্বর-৪৭.৬৩.০০০০.০৪১.১১.৯১৬.২৪.**৬০৫**

তারিখঃ ১৭/১২/১৪৩২ বঙ্গাব্দ
৩১/০৩/২০২৬ খ্রিস্টাব্দ

## নিয়োগপত্র

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা'র ৭ম-৯ম গ্রেডের পদে নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটির ০১/০২/২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ এবং বার্ড পরিচালনা বোর্ডের সভাপতি মহোদয় কর্তৃক অনুমোদনের পরিপ্রেক্ষিতে বার্ড, কুমিল্লা'র সরাসরি নিয়োগযোগ্য 'সহকারী পরিচালক'-এর অবশিষ্ট ০২টি পদ (সাময়িকভাবে নির্বাচিত ০২ জন প্রার্থী যোগদান না করায়) পূরণের লক্ষ্যে সংরক্ষিত অপেক্ষমান তালিকা হতে বার্ড-এর রাজস্বখাত ভুক্ত 'সহকারী পরিচালক' পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর টাকা: ২২,০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে ০১(এক)টি পদে নিম্নে উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| মেধাক্রম | রোল নম্বর | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|
| ৬ | 11010934 | জনাব মোঃ সুমন জোয়ার্দার<br>পিতা: লিয়াকত হোসেন<br>মাতা: আনজু বেগম | গ্রাম- প্রাণপুর, ডাকঘর- হোসেন ডাঙ্গা-৭৭২১, উপজেলা- পাংশা, জেলা- রাজবাড়ী। | গ্রাম- প্রাণপুর, ডাকঘর- হোসেন ডাঙ্গা-৭৭২১, উপজেলা- পাংশা, জেলা- রাজবাড়ী। |

২। **শর্তাবলি:**

(ক) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(খ) চাকরিতে যোগদানের সময় ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, লিখিত পরীক্ষার প্রবেশপত্র, আবেদনপত্র (Applicant's Copy) এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ সনদপত্রের সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে;

(গ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীর প্রদত্ত কাগজপত্রে কোন তথ্য ভবিষ্যতে অসত্য প্রমাণিত হলে এ নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। একই সাথে একাডেমি হতে গৃহীত সকল আর্থিক সুবিধাদি ফেরত প্রদান করতে হবে এবং প্রচলিত বিধি মোতাবেক তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঘ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সরকার অনুমোদিত কোন মেডিকেল/ডায়াগনস্টিক সেন্টার থেকে ডোপটেস্ট এবং অন্যান্য স্বাস্থ্য পরীক্ষার রিপোর্টসহ মেডিকেল অফিসার, বার্ড মেডিকেল সেন্টার, কোটবাড়ী, কুমিল্লা থেকে স্বাস্থ্য পরীক্ষার সনদ সংগ্রহপূর্বক যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার সনদে ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

(ঙ) চাকুরীতে যোগদানের সময় একাডেমি কর্তৃক সরবরাহকৃত পুলিশ ভেরিফিকেশন ফরম স্বহস্তে পূরণ করে জমা দিতে হবে। পুলিশ ভেরিফিকেশনে প্রার্থীর বিরুদ্ধে কোন প্রকার বিরূপ মন্তব্য পাওয়া গেলে প্রার্থীর নিয়োগপত্র বাতিলপূর্বক "বাংলাদেশ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমীর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, "তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না";

(ছ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাঁর ও তাঁর পরিবারের সদস্যদের মালিকানাধীন/দখলে থাকা সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ (জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণয়নকৃত নির্দিষ্ট ফরমে) সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে। এছাড়া ১৩(২) উপবিধি অনুযায়ী প্রতি পাঁচ বছর পর পর ডিসেম্বর মাসে প্রদর্শিত সম্পত্তির হ্রাস/বৃদ্ধির হিসাব বিবরণী জমা দিতে হবে;

(জ) চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে;

(ঝ) বার্ড কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৯ এর ৬নং প্রবিধি অনুসারে তাঁকে ০৬ (ছয়) মাসের জন্য শিক্ষানবিশ থাকতে হবে। তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে উক্ত মেয়াদ অনুর্দ্ধ আরো ০৬ (ছয়) মাস বৃদ্ধি করতে পারবে;

(ঞ) শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপ্ত করাসহ একাডেমি কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ ও প্রশিক্ষণ সফলভাবে গ্রহণ ইত্যাদি বিষয় বিবেচনা করে তাঁকে উক্ত পদে স্থায়ীকরণ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করে যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবে;

(ট) চাকরিতে তাঁর জ্যেষ্ঠতা ইতোমধ্যে 'সহকারী পরিচালক' পদে যোগদানকৃত ০৫ জন প্রার্থীর পর অর্থাৎ জ্যেষ্ঠতাক্রমে ৬ষ্ঠ স্থানে হবে;

(ঠ) শিক্ষানবিশকালে চাকরি থেকে অব্যহতি বা ইস্তফা নিতে হলে যে তারিখ থেকে অব্যহতি বা ইস্তফা নিবেন সে তারিখের কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট লিখিত আবেদন করতে হবে। অন্যথায় ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারী কোষাগারে জমা দিতে হবে;

অঃ পৃঃ দ্রঃ

(ড) একাডেমি কর্তৃক গৃহীত বিভিন্ন প্রকল্পের আওতায় বাংলাদেশের যেকোন এলাকায় প্রকল্প সংক্রান্ত কাজের দায়িত্ব দিয়ে তাঁকে বদলী করা যেতে পারে। একাডেমির কাজে বাংলাদেশের যেকোন স্থানে তাঁকে সফর করতে হবে;

(ঢ) একাডেমি কর্তৃক বাসস্থান বরাদ্দ করা সম্ভবপর হলে তাঁকে অবশ্যই একাডেমির বরাদ্দকৃত বাসায় (একাডেমি অঙ্গনে) বসবাস করতে হবে;

(ণ) তাঁর এ চাকরি 'বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমীর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৯' অনুযায়ী পরিচালিত হবে;

(ত) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো 'বিষয়' প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত এবং সময় সময় জারীকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(থ) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩। অনুচ্ছেদ-২ এ উল্লিখিত শর্তাবলি গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৫/০৪/২০২৬ তারিখ পূর্বাহ্নে মহাপরিচালক, বার্ড বরাবর স্ব-শরীরে যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩১/৩/২৬

(সাইফ উদ্দিন আহমেদ)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বার্ড, কুমিল্লা

নম্বর-৪৭.৬৩.০০০০.০৪১.১১.৯১৬.২৪.৬০৫/১(৯)

তারিখঃ ১৭/১২/১৪৩২ বঙ্গাব্দ
৩১/০৩/২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। পরিচালক (সকল), বার্ড
৪। যুগ্মপরিচালক (প্রশাসন), বার্ড।
৫। মেডিকেল অফিসার, বার্ড।
৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, বার্ড।
৭। প্রশাসনিক কর্মকর্তা, বার্ড।
৮। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।
৯। অফিস কপি/মাস্টার কপি।

পরিচালক (প্রশাসন)
31 MAR 2026